গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
www.bomd.gov.bd

## খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসাবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত অবহিতকরণ সভার কার্যবিবরণী (প্রথম সভা)

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আবুল বাসার সিদ্দিক আকন<br>পরিচালক (যুগ্মসচিব) |
| সভার তারিখ | ৩০ নভেম্বর ২০২২ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | বিএমডির সভা কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ইজারাপ্রত্যাশী/সেবাগ্রহীতা ব্যক্তিবর্গ এবং বিএমডির সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। সভাপতির অনুমতিক্রমে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে আলোকপাত করেন। তিনি বলেন, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অংশ হিসাবে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে সভা আয়োজনের নির্দেশনা রয়েছে। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা, ২০২২-২৩ অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ০২ টি অবহিতকরণ সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। পঞ্চগড় জেলার ইজারাপ্রত্যাশী/সেবাগ্রহীতা ব্যক্তিবর্গ নিয়ে প্রথম অবহিতকরণ সভা আয়োজন করা হয়েছে।

### ২.০ আলোচনা

সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে নিম্নবর্ণিত ০৫ টি জবাবদিহিমূলক উপকরণ নির্ধারণ করা হয়েছে যথা: এপিএ, জাতীয় শুদ্ধাচার কৌশল (এনআইএস), অভিযোগ প্রতিকার ব্যবস্থা (জিআরএস), সেবা প্রদান প্রতিশ্রুতি এবং তথ্য অধিকার (আরটিআই)। বিএমডি যেহেতু নাগরিক সেবা প্রদান করে সেহেতু উল্লেখিত বিষয়সমূহ সম্পর্কে সেবাগ্রহীতাদের ধারণা প্রদান করতে হবে। সভাপতি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসারে বিএমডির সার্বিক কার্যক্রম বিষয়ে যে কোন অভিযোগ দায়েরের নিমিত্ত ফোকাল পয়েন্ট, অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), বিকল্প অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়েছে। সেবা প্রাপ্তিকে কোন অভিযোগ থাকলে তারা ম্যানুয়ালি অথবা অনলাইন যে কোন পদ্ধতিতেই আবেদন করতে পারেন। সিটিজেন চার্টারের উল্লেখিত সেবাসমূহ অনলাইন জিআরএস সিস্টেমে (www.grs.gov.bd) অন্তর্ভূক্ত করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের টেম্পলেট অনুযায়ী বিএমডির সিটিজেন চার্টার হালনাগাদ করে ইতোমধ্যে সেবাসমূহ অনলাইন জিআরএস সিস্টেমে (www.grs.gov.bd) অন্তর্ভূক্ত করা হয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জিআরএস সফটওয়ারের মাধ্যমে কিভাবে অভিযোগ দায়ের কার যায় তা বিস্তারিতভাবে সেবাগ্রহীতাদের দেখান।

সেবাগ্রহীতাদের কাছে জানতে চাওয়া হলে তারা বলেন, সরকারের নির্দেশনায় পাথর ইজারা বন্ধ থাকায় তাদের জীবনধারণ কঠিন হয়ে পড়েছে। কোথাও কোথাও বিভিন্ন প্রভাবশালী মহল কর্তৃক নিয়মিত অবৈধভাবে পাথর উত্তোলন ও অপসারণ করা হচ্ছে। সেপ্রেক্ষিতে তারা গেজেটভুক্ত এবং ব্যাক্তিমালিকানাধীন পাথর কোয়ারিসমূহ নিয়মিতভাবে ইজারা প্রদান করা চালু রাখার দাবি জানান। নতুবা সরকারি সম্পদ তছরূপ ও বিনষ্টের পাশাপাশি এ খাত হতে সরকার বিপুল

সিদ্ধান্ত :

১. কোনো ব্যক্তি/প্রতিষ্ঠান অনলাইনে/অফলাইনে নাগরিক সেবা সংক্রান্ত অভিযোগ দায়ের করলে নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে।

২. পর্যায়ক্রমে গেজেটভুক্ত বিভিন্ন জেলার কোয়ারি এলাকার ইজারাগ্রহীতাদের নিয়ে অবহিতকরণ সভা আয়োজন করতে হবে।

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ আবুল বাসার সিদ্দিক আকন
পরিচালক (যুগ্মসচিব)

স্মারক নম্বর: ২৮.০৭.০০০০.০০৪.২৭.০০৪.১২(অংশ-২).৫৫৩

তারিখ: ১২ পৌষ ১৪২৯
২৭ ডিসেম্বর ২০২২

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১) উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
২) পরিচালক, পরিচালক-এর দপ্তর, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৩) উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৪) উপপরিচালক (খনি ও খনিজ) (চলতি দায়িত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৫) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৬) সহকারী পরিচালক (ভূ-রসায়ন), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৭) পঞ্চগড় জেলা সেবাগ্রহীতা/ইজারাপ্রত্যাশী (সকল) জনাব.........................................;
৮) পি.এ টু মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি);
৯) অফিস কপি/মাস্টার কপি।

(মোসাঃ মাহবুবা খাতুন)
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)